

# যশোর বোর্ডের বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষা স্থগিত

নিজস্ব প্রতিবেদক

১৬ সেপ্টেম্বর ২০২২ ০৮:২১

পিএম | আপডেট: ১৬

সেপ্টেম্বর ২০২২ ১০:২৬

পিএম

15  
Shares



যশোর শিক্ষা বোর্ড ভবন। পুরোনো ছবি

advertisement

যশোর শিক্ষা বোর্ডের অধীনে আগামীকাল শনিবারের বাংলা দ্বিতীয় পত্রের বহুনির্বাচনী (এমসিকিউ) পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামীকাল বেলা ১১টা থেকে দুপুর ১২টা ৪০ মিনিট পর্যন্ত বাংলা দ্বিতীয় পত্রের শুধুমাত্র সৃজনশীল অংশের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর আগে গতকাল বৃহস্পতিবার বাংলা প্রথম পত্রের পরীক্ষায় এ বোর্ডের কয়েকটি কেন্দ্রে বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ প্রশ্নপত্র বিতরণ করা হয়।

আজ শুক্রবার এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে যশোর শিক্ষা বোর্ড। তাতেক বলা হয়েছে, অনিবার্য কারণে বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরে পরীক্ষার নতুন তারিখ জানানো হবে।

advertisement 3

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার বলেন, নড়াইলে বাংলা প্রথম পত্রের পরীক্ষার দিন ভুলের কারণে দ্বিতীয় পত্রের এমসিকিউ প্রশ্নপত্র

চলে গিয়েছিল। এ কারণে শুধু যশোর বোর্ডের বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ অংশের পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে সৃজনশীল পরীক্ষা যথাসময়ে হবে।

advertisement 4

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মাধব চন্দ্র রুদ্র বলেন, ‘চলমান এসএসসি পরীক্ষার প্রথমদিন বৃহস্পতিবার নড়াইলের কালিয়া উপজেলার প্যারী শংকর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বাঁকুসোনা কামশিয়া মাধ্যমিক বিদ্যালয় এবং লোহাগড়া উপজেলার দিঘলিয়া মাধ্যমিক বিদ্যালয় ও ইতনা কলেজিয়েট স্কুলের পরীক্ষা কেন্দ্রে বাংলা প্রথম পত্রের এমসিকিউ প্রশ্নপত্রের জায়গায় বাংলা দ্বিতীয় পত্রের (এমসিকিউ) বিতরণ করা হয়েছিল। পরীক্ষা নিয়ে কোনো বিতর্ক সৃষ্টি যাতে না হয়, সেই কারণেই এই সিদ্ধান্ত। আন্তঃশিক্ষাবোর্ডের সঙ্গে আলোচনা করে বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষার সময়সূচি পরিবর্ত্তিতে জানানো হবে।

কেন্দ্রসংশ্লিষ্টরা এ ভুলের জন্য দায়ী কিনা, এমন প্রশ্নের জবাবে অধ্যাপক মাধব চন্দ্র রুদ্র বলেন, ‘প্রশ্নপত্রের এমন ত্রুটির কারণে কেন্দ্র সচিব বা কেন্দ্র সংশ্লিষ্টদের কোনো ভূমিকা দেখছি না। যেখান থেকে প্রশ্নপত্র প্যাকেটজাত করেছে সেখান থেকে এই সমস্যা সৃষ্টি হয়েছে। তারপরও বিষয়টি তদন্ত করে দেখা হবে।’